আপনার প্রিয়জন মারা গেছেন এবং পরিবারের বাড়িটি এখনও তাদের নামেই আছে?

তবুও আপনি সেটির মালিক হওয়ার অধিকার রাখেন।



উত্তরাধিকারমূলক সম্পত্তি কী?

উইল না করে কেউ মারা গেলে তখন তার/তাদের বাড়িটি **পরিবারের কাছেই থাকতে পারে। তবে ডিড বা টাইটেলের মতো আইনগত নথিপত্রে পরিবারের সদস্যদের নাম যুক্ত করা জরুরি।** মালিকানার এই অস্পষ্ট অবস্থাকেই **উত্তরাধিকারমূলক সম্পত্তি** বা **ট্যাঙ্গলড টাইটেল** বলা হয়।

ডিডে সঠিক নাম না থাকলে আপনি নিম্নলিখিত ক্ষেত্রে সমস্যার সম্মুখীন হতে পারেন:

- মেরামত বা সিটি কর্পোরেশনের সাহায্য পেতে
- সম্পত্তি করের সুবিধাগুলো পেতে
- বাড়ি বিক্রি করতে বা মর্টগেজ ঋণ নিতে
- প্রতারকদের হাত থেকে বাড়িটি রক্ষা করতে

আপনিই বাড়ির মালিক তা প্রমাণ করতে এবং নথিতে আপনার নাম যুক্ত করতে আমরা আপনাকে — বিনামূল্যে সাহায্য করতে পারি।

যেসব বিষয়ে আমরা সাহায্য করতে পারি

- আদালতকে দেখানো যে আপনিই বাড়িটির প্রকৃত উত্তরাধিকারী
- ডিডে আপনার নাম যুক্ত করা
- কাগজপত্র বা মালিকানার রেকর্ড সংক্রান্ত ত্রুটি খুঁজে বের করে তা সংশোধন করা
- সম্পত্তি করের ছাড় এবং অন্যান্য সুযোগ-সুবিধা পেতে সহায়তা করা
- মেরামত এবং বাড়ির ঋণ পরিশোধের জন্য সহজ শর্তে ঋণের আবেদন করা

বিনামূল্যে এবং নির্ভরযোগ্য আইনি সহায়তা

আপনাকে একাকী এর সমাধান খুঁজতে হবে না।

আমরা আপনাকে একজন নির্ভরযোগ্য আইনি পরিষেবা প্রদানকারীর সঙ্গে যোগাযোগ করিয়ে দেব — এবং আপনি যোগ্য হলে, সাহায্যটি সম্পূর্ণ **বিনামূল্যে** পাবেন।

আজই পদক্ষেপ গ্রহণ করে আপনার পরিবারের বাড়িটি রক্ষা করুন।

Homeowner Hub-এ **(646) 786-0888** নম্বরে কল করে উত্তরাধিকারমূলক সম্পত্তি সম্পর্কে জানতে চান। অথবা **HomeownerHelpNY.org/GetHelp** ভিজিট করুন

CENTER for NYC NEIGHBORHOODS · New York City Council · JPMorganChase

Bengali

আমরা কিভাবে সাহায্য করতে পারি তার একটি বাস্তব উদাহরণ।

মিসেস জোন্স* ব্রঙ্কসের এক বয়স্কা মহিলা। তিনি তার মায়ের এবং তার মায়ের সঙ্গীর বাড়িটিতে বসবাস করতেন। দুজনেরই মৃত্যুর পরও বাড়িটি তাদের নামেই রয়ে যায়।

ডিডে নাম না থাকার কারণে মিসেস জোন্স প্রবীণ নাগরিকদের জন্য প্রযোজ্য সম্পত্তি করের ছাড় পাচ্ছিলেন না যা তার কর অর্ধেক করে দিত। তার সম্পত্তি কর এবং জলের বিলও জমা পড়ে গিয়েছিল। কিন্তু ডিডে নাম না থাকায় তিনি বিল পরিশোধের জন্য সহজ কিস্তির সুযোগ পাচ্ছিলেন না।

তারপর পরিস্থিতি আরো খারাপ হলো। একজন প্রতারক তার মায়ের সঙ্গীর এক আত্মীয়কে খুঁজে বের করে এবং তাকে ফুসলিয়ে খুব কম দামে তার অংশটি বিক্রি করে দিতে রাজি করিয়ে প্রতারণা করে।

মিসেস জোন্স আমাদের বিনামূল্যে আইনি পরিষেবা প্রদানকারী আইনজীবীদের নেটওয়ার্কে যোগাযোগ করে প্রয়োজনীয় সহায়তা পেলেন। তিনি কর এবং জলের বিল পরিশোধে কোনো মাসিক কিস্তি ছাড়াই 0% সুদের ঋণ পেলেন। প্রতারক যে অংশটি নিয়েছিল, সেটি ফিরে পেতে তিনি ঋণের কিছু অংশ ব্যবহার করেন।

সেই বিশ্বস্ত আইনজীবী তাকে একটি নতুন ডিড তৈরি করে তার নামে বাড়িটির মালিকানা নিশ্চিত করতে সাহায্য করলেন। এখন ভূমি রেকর্ডে মিসেস জোন্স বৈধ মালিক হওয়ায়, তিনি প্রবীণদের কর ছাড়, সিটি হোম মেরামতের ঋণ পেতে পারেন এবং তার বাড়িটিকে নিজের সন্তানদের কাছে হস্তান্তর করার জন্য বৈধতা নিশ্চিত করতে পেরেছেন।

*এই বাড়ির মালিকের পরিচয় গোপন রাখতে মিসেস জোন্স একটি ছদ্ম নাম ব্যবহার করা হয়েছে।

আজই পদক্ষেপ গ্রহণ করে আপনার পরিবারের বাড়িটি রক্ষা করুন।

Homeowner Hub-এ **(646) 786-0888** নম্বরে কল করে উত্তরাধিকারমূলক সম্পত্তি সম্পর্কে জানতে চান। অথবা **HomeownerHelpNY.org/GetHelp** ভিজিট করুন

CENTER for NYC NEIGHBORHOODS · New York City Council · JPMorganChase

Bengali